# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**22 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অরুণাচল প্রদেশে বেশকয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন/

(২) আগামীকাল আসামের সঙ্গীত জগতের জ্যোতিষ্ক জুবিন গর্গের শেষকৃত্যের জন্যে রাজ্যের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের নির্দেশ/জনসাধারণের বিপুল দাবীর পরিপ্রেক্ষিতে প্রয়াত এই শিল্পীর পুনরায় মরণোত্তর পরীক্ষা করা হবে বলে রাজ্য সরকারের সিদ্ধান্ত/

(৩) শ্রীভূমি পুলিশের আজ চোরাইবাড়ী এলাকায় চালানো এক অভিযানে ৫০ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত/

এবং

(৪) আজ থেকে নবরাত্রি আরম্ভ/ বরাক উপত্যকার তিন জেলার বারোয়ারি এবং ঘরোয়া পূজোমণ্ডপগুলিতে জোর প্রস্তুতি/

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অরুণাচল প্রদেশের ২৪০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন হেও জলবিদ্যুৎ প্রকল্প এবং ১৮৬ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন টাটো জলবিদ্যুৎ প্রকল্পের প্রথম কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । জাতীয় তাপবিদ্যুৎ নিগমের অধীনে তিন হাজার সাতশো কোটি টাকা ব্যয়সাপেক্ষে এই দুটি প্রকল্প উত্তর-পূর্ব বিদ্যুৎ শক্তি নিগম-(নিপকো) এবং অরুণাচল প্রদেশ সরকারের যৌথ উদ্যোগে নির্মাণ করা হবে । উল্লেখ্য- রাজ্যের সিঅমি জেলার সিঅমি'তে নির্মিয়মান হেও জলবিদ্যুৎ প্রকল্পে আশি মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তিনটি উৎপাদন কেন্দ্র থাকবে । টাটো জলবিদ্যুৎ প্রকল্পে তিনটি করে ৬২ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন উৎপাদনক্ষম শক্তিকেন্দ্র থাকবে । এই উপলক্ষে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে- ২০৪৭ সালের মধ্যে ভারত ৫০০ গিগাওয়াট

শক্তি উৎপাদনের লক্ষ্যে উপনীত হওয়ার ক্ষেত্রে উত্তর-পূর্বাঞ্চলের ভূমিকা উল্লেখযোগ্য হবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন । আজকের এই অনুষ্ঠানে অরুণাচল প্রদেশের রাজ্যপাল জেনারেল কে টি পারনায়েক, রাজ্যের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু এবং কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

এরপর তিনি ইটানগরে একটি জনসভায় অংশগ্রহণ করে রাজ্যের স্থানীয় করদাতা, ব্যবসায়ী এবং শিল্পোদ্যোগের প্রতিনিধিদের সঙ্গে মত বিনিময় করেন ।

প্রধানমন্ত্রী অরুণাচল প্রদেশ থেকে ত্রিপুরায় যান এবং ত্রিপুরার প্রাসাদ প্রকল্পের অধীনে ত্রিপুরেশ্বরী মায়ের মন্দিরের প্রাঙ্গণকে সুন্দর করে তোলার জন্য প্রাথমিক সুযোগ সুবিধা ও সৌন্দর্য বর্ধনের কাজের সূচনা করেছেন । শ্রী মোদী ত্রিপুরেশ্বরী মন্দিরে মায়ের পূজো দেন এবং মন্দির চত্বরে আয়োজন করা একটি প্রদর্শনীও পরিদর্শন করেন ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যের সঙ্গীত ক্ষেত্রে অসীম শূন্যতার সৃষ্টি করে আকস্মিকভাবে চলে যাওয়া প্রাণের শিল্পী জুবিন গর্গ'কে তাঁর গুণমুগ্ধ, অনুরাগীরা আজও অভূতপূর্বরূপে শ্রদ্ধা নিবেদন করছেন। মনের মণিকোঠায় তুলে রাখা এই শিল্পীকে শেষ দর্শনের জন্য গুয়াহাটি সরুসজাইয়ের অর্জুন ভোগেশ্বর বড়ুয়া ক্রীড়া প্রকল্পে গতকাল গোটা রাত জুড়ে অসংখ্য গুণমুগ্ধ ভীড় করেছেন । আজ সকাল থেকে স্টেডিয়ামে শিল্পীকে অন্তিম দর্শনের জন্য ব্যাপক ভীড় পরিলক্ষিত হয়েছে । তাঁকে শেষ শ্রদ্ধা জানানোর জন্য আজও স্টেডিয়াম খোলা থাকবে । জুবিন গর্গের মৃত্যুতে ঘোষণা করা রাজ্য শোক আগামীকাল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে । আগামীকাল যোরাবাটের কাছের কমারকুছিতে রাজ্য মর্যাদায় তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে ।

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ অন্ত্যেষ্টিক্রিয়ার স্থান পরিদর্শন করে বলেছেন যে- এই কার্যসূচীতে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এবং বিভিন্ন রাজ্য সরকারের পক্ষ থেকেও প্রতিনিধিরা অংশগ্রহণ করবেন । কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু ও সর্বানন্দ সনোয়াল, আসাম বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী বিধানসভার বিরোধী দলের নেতা দেবব্রত শইকিয়া এবং মেঘালয়ের উপ-মুখ্যমন্ত্রী প্রেসটোন টিমসংও এই শেষকৃত্য অনুষ্ঠানে উপস্থিত থাকবেন । এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্যে সবধরণের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । আগামীকাল সরুসজাই স্টেডিয়াম থেকে অন্ত্যেষ্টিক্রিয়ার স্থান পর্যন্ত জুবিনের পার্থিব দেহ নিয়ে যাওয়ার সময় থেকে শেষকৃত্য সম্পন্ন হওয়া পর্যন্ত গোটা সময়টা ভিডিওগ্রাফি করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । তিনি বলেন যে- আগামীকাল শেষকৃত্যের সময়ের সম্ভাব্য ভীড়ের প্রতি লক্ষ্য রেখে দুপুর দুটো পর্যন্ত জাতীয় সড়ক বন্ধ রাখা হবে এবং

পুলিশ আইন শৃঙ্খলা রক্ষার জন্যে সবধরণের ব্যবস্থা গ্রহণ করবে । এছাড়া জুবিন গর্গের পরিবারের সিদ্ধান্ত অনুযায়ী শিল্পীর তেরো দিনের শ্রাদ্ধানুষ্ঠান যোরহাটে পালন করা হবে । এবং সেইদিনই তাঁর চিতাভস্ম যোরহাটের জনসাধারণকে আনুষ্ঠানিকভাবে অর্পণ করা হবে । মুখ্যমন্ত্রী বলেন যে-শিল্পীর সম্মানে আগামীকাল সমগ্র আসামের সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে । কামরূপ মহানগর জেলার সরকারী কার্যালয়সমূহও আগামীকাল বন্ধ থাকবে। তবে রাজ্যের বাকি জায়গায় সরকারি কার্যালয় খোলা রাখা হবে ।

#বাইট#

এদিকে আজও দেশ-বিদেশের বিশিষ্টজনেরা সরুসজাইয়ে এসে সদ্যপ্রয়াত জুবিন গর্গের প্রতি শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য আজ শিল্পীকে শেষ শ্রদ্ধা জানিয়েছেন । ভূটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুকের বিশেষ প্রতিনিধি আজ শিল্পীর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেছেন ।

---

রাজ্য সরকার আসামের জনসাধারণের দাবীর পরিপ্রেক্ষিতে জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের পুনরায় মরণোত্তর পরীক্ষা সম্পন্ন করবে । মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা কিছুক্ষণ আগে এক সাংআবদিক সম্মেলনে একথা জানান । তিনি বলেন যে সিংগাপুরে মরণোত্তর পরীক্ষা সম্পন্ন করা হলেও জনসাধারণ গোটা ঘটনাকে নিয়ে সন্দেহ প্রকাশ করা সহ বার বার  পুনরায় মরণোত্তর পরীক্ষার জন্য দাবি উথাপন করার পরিপ্রেক্ষিতে সরকার বাধ্য হয়ে এই সিদ্ধান্ত গ্রহণ করেছে । এর পরিপ্রেক্ষিতে আগামীকাল শেষকৃত্যের সময়ের কিছুটা পরিবর্তন হতে পারে বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে আগামীকাল সকাল সাড়ে ৭ টায় এইমসের বিশেষজ্ঞ চিকিৎসক গৌহাটী মেডিকেল কলেজে শিল্পীর মরণোত্তর পরীক্ষা করবেন । এরপর আনুমানিক দেড় ঘন্টা পর শিল্পীকে সরুসজাই স্টেডিয়ামে নিয়ে যাওয়া হবে । এরপর শেষকৃত্যের জন্য নিয়ে যাওয়া হবে বলে মূখ্যমন্ত্রী জানান ।

---

বি টি সি পরিষদীয় নির্বাচনের ভোটগ্রহণ আজ বিকেল ৪ টায় শেষ হয়েছে । আজ সকাল সাড়ে ৭ টা থেকে অনুষ্ঠিত ভোটগ্রহণে ৭১ দশমিক ৮-৪ শতাংশ ভোটদান হয়েছে বলে আসাম রাজ্য নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে । তবে সব ভোটগ্রহণ কেন্দ্র থেকে সম্পূর্ণ তথ্য লাভ করার পর এই সংখ্যা আরো বাড়তে পারে বলে জানানো হয়েছে । ভোটগ্রহণের সময় কোনো স্থান থেকে কোনো ধরণের অপ্রীতিকর ঘটনার তথ্য এপর্যন্ত পাওয়া যায়নি ।এবারের নির্বাচনে ৩১৬ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায়

রয়েছেন । উল্লেখ্য বিটিসির মূখ্য কার্যবাহী সদস্য তথা ইউ পি পি এলের প্রধান প্রমোদ বড়ো গয়বারী ও দোতমা বিধানসভা কেন্দ্রে প্রতিদ্বন্দিতা করছেন । বি পি এফের প্রধান তথা প্রাক্তন মূখ্য কার্যবাহী সদস্য হাগ্রামা মহিলারী দেওর গাঁও এবং চিরাং দুয়ার বিধানসভা কেন্দ্রে প্রতিদ্বন্দিতা করছেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা পুলিশ আজ গোপন সূত্রের খবরের ভিত্তিতে আসাম-ত্রিপুরার চূড়াইবাড়ীতে বিশেষ অভিযান চালিয়ে একটি গাড়ির গোপন চেম্বার থেকে ৫০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে । নিষিদ্ধ সামগ্রীগুলো মিজোরাম থেকে ত্রিপুরায় পাচার করা হচ্ছিল বলে পুলিশ জানিয়েছে । উদ্ধার করা ইয়াবা ট্যাবলেটের বাজার মূল্য আড়াই কোটী টাকা হবে । এই ঘটনায় পুলিশ দুইজন পাচারকারীকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------------

দেবী দূর্গাকে আরাধনার জন্য আজ শুক্লা প্রতিপদ থেকে ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমে নবরাত্রি পূজা আরম্ভ হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নবরাত্রি উপলক্ষ্যে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন ।উল্লেখ্য নবরাত্রির সময় ভক্তরা দেবী দূর্গার ৯ টি রূপের পূজা অর্চনা করেন । আজ প্রথম দিন শৈলপুত্রী হিসেবে মা দূর্গাকে আরাধনা করা হয় । এরপর ক্রমান্বয়ে ব্রহ্মচারিণী ,চন্দ্রঘন্টা ,কুষ্মান্ড ,স্কন্দমাতা কাত্যায়নী রূপে শক্তিরূপিনী মা দূর্গার পূজা করাহবে । অন্যদিকে মহাষষ্ঠীর সন্ধ্যায় বেলবরণের পর সপ্তমীতে কালরাত্রি , অষ্টমীতে মহাগৌরী এবং নবমীতে সিদ্ধিদাত্রী রূপে পূজা করার পর দশমীতে বিসর্জন করা হবে ।এবার দেবী গজে আগমণ এবং দোলায় গমন করবেন । শক্তিপীঠ কামাখ্যা সহ সব শক্তি মন্দিরগুলিতে এই নবরাত্রি পূজা আরম্ভ হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসন্ন দূর্গোৎসব উপলক্ষ্যে কাছাড় জেলার সোনাই ,ধলাই ,উদারবন্দ ,কাটিগড়া ও অন্যান্য অঞ্চলের বহু পরিবারের বনেদী প্রাচীন পূজোগুলির প্রস্তুতি প্রায় চূড়ান্ত পর্যায়ে । মহালয়াতে দেবীর আগমণী বার্তার সঙ্গে সঙ্গে সেইসব ঐতিহ্যবাহী পূজোর চিরাচরিত ধর্মীয় আচার অনুষ্ঠান শুরু হয়ে গেছে ।

কাছাড় জেলার ধলাই বাজারের দত্তবাড়ির ঐতিহ্যবাহী দূর্গাপূজো এবছর ১২৮ বছরে পদার্পন করেছে । প্রাচীন এই পূজোকে ঘিরে সমগ্র ধলাই বাজারে উৎসবের পরিবেশ বিরাজ করছে । আজ চন্ডী ঘট স্থাপনের মধ্য দিয়ে পূজার আনুষ্ঠানিক পর্বের সূচনা হয়েছে । দত্তবাড়ির সুকল্যাণ দত্ত জানান যে তাঁর ঠাকুরদা হীরালাল দত্তের উদ্যোগে

প্রথমবার পারিবারিক এই দূর্গাপূজো শুরু হয়েছিলো । সেই থেকে ধারাবাহিকভাবে এই পূজোর আয়োজন করা হচ্ছে ।
দূর্গাপূজো উপলক্ষ্যে দত্তবাড়ির স্থায়ী পূজোমন্ডপ নতুন রূপে সাজিয়ে তোলা হয়েছে । তিনদিনব্যাপী পূজো উপলক্ষ্যে প্রতিদিন ভোগের আয়োজন করা হবে । এছাড়া নবমীতে স্থানীয় শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন ।

---

এদিকে, প্রতি বছরের মতো এবছরও উধারবন্দ কালীবাড়ী রোড পূজা কমিটি আকর্ষনের কেন্দ্র বিন্দু হয়ে উঠেছে । কালীবাড়ী রোডে এ বছর মন্ডপ সাজানো হচ্ছে প্যারিসের ডিজনি ল্যান্ডের আদলে এবং প্রতিমা তৈরী হচ্ছে সম্পূর্ন পাট দিয়ে । প্রতিমা শিল্পী পশ্চিমবঙ্গের উত্তম জানা । শিলচর রামকৃষ্ণ মিশনের মহারাজ গণধীশানন্দজী মহারাজ আগামী বুধবার মন্ডপের উদ্বোধন করবেন । এবছর মন্ডপের ভিতর ও বাইরে থাকছে বিশেষ আর্কষন এবং আলোক সজ্জার মাধ্যমে অপারেশন সিন্দুরে ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্ব তুলে ধরা হবে । কমিটির পক্ষ থেকে এবছরও বস্ত্র বিতরন ও পূজোর তিনদিন মহাপ্রসাদ বিতরনের ব্যবস্থা রয়েছে ।

---